# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৫৯

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ ঋতুবতী নারীর সাথে পানাহার করা ও বিভিন্ন কাজে সহযোগিতা নেওয়ার ব্যাপারে নির্দেশ কেননা ইয়াহুদীরা এরকম করে না

ذِكْرُ الْأَمْرِ بِمُؤَاكَلَةِ الْحَائِضِ وَمُشَارَبَتِهَا وَاسْتِخْدَامِهَا إِذِ الْيَهُودُ لَا تَفْعَلُ ذَلِكَ

---

আরবী

1359 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبَانَ الْوَاسِطِيُّ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ الْبُنَانِيِّ: عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّ الْيَهُودَ كَانُوا إِذَا حَاضَتْ بَيْنَهُمُ امْرَأَةٌ أَخْرَجُوهَا مِنَ الْبُيُوتِ وَلَمْ يَأْكُلُوا مَعَهَا وَلَمْ يُشَارِبُوهَا وَلَمْ يُجَامِعُوهَا فِي الْبُيُوتِ فَسُئِلَ رسول الله صلى الله عليه وسلم عن ذَلِكَ فَأَنْزَلَ اللَّهُ جَلَّ وَعَلَا: {وَيَسْأَلُونَكَ عَنِ المحيض قُلْ هُوَ أَذًى فَاعْتَزِلُوا النِّسَاءَ فِي الْمَحِيضِ} [البقرة: 222] فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اصْنَعُوا كُلَّ شَيْءٍ إِلَّا النِّكَاحَ)
فَقَالَتِ الْيَهُودُ: مَا نَرَى هَذَا الرَّجُلَ يَدَعُ شَيْئًا مِنْ أَمْرِنَا إِلَّا يُخَالِفُنَا فَجَاءَ أُسَيْدُ بْنُ حُضَيْرٍ وَعَبَّادُ بْنُ بِشْرٍ فَقَالَا: يَا رَسُولَ اللَّهِ الْيَهُودُ تَقُولُ كَذَا وَكَذَا أَفَلَا نَنْكِحُهُنَّ فِي الْمَحِيضِ؟ قَالَ: فَتَغَيَّرَ وَجْهُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى ظَنَنْتُ أَنَّهُ قَدْ وَجَدَ عَلَيْهِمَا فَخَرَجَا فَاسْتَقْبَلَتْهُ هَدِيَّةٌ مِنْ لَبَنٍ فَبَعَثَ فِي أَثَرِهِمَا فَظَنَنَّا أَنَّهُ لَمْ يَجِدْ عليهما فسقاهما.
الراوي : أَنَسِ بْنِ مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1359 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৩৫৯. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “ইয়াহুদীদের মাঝে কোন নারীর হায়েয হলে, তারা তাকে বাড়ি থেকে বের করে দিতো, তার সাথে পানাহার করতো না এবং বাড়িতে তার সাথে মিশতো না। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এই ব্যাপারে জিজ্ঞেস করা হলে, মহান আল্লাহ আয়াত

অবতীর্ণ করেন, “আর তারা আপনাকে ঋতুস্রাব সম্পর্কে জিজ্ঞেস করে, আপনি বলুন, এটি কষ্টদায়ক। অতএব তোমরা ঋতুস্রাব অবস্থায় নারীদের থেকে দূরে থাকবে।” (সূরা আল বাকারা: ২২২) তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তোমরা তাদের সাথে সব কিছুই করতে পারবে, শুধুমাত্র সঙ্গম ব্যতীত।” তখন ইয়াহুদীরা বললো, “এই ব্যক্তি আমাদের প্রতিটি কাজে বিরোধিতা না করে ছাড়ে না।” তারপর উসাইদ বিন হুদ্বাইর ও আব্বাদ বিন বিশর রাদ্বিয়াল্লাহু আনহুমা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলেন, “ইয়াহুদীরা এই এই বলেছে, আমরা কি (ইয়াহুদীদের আরো বেশি বিরোধিতা করার জন্য) আমাদের স্ত্রীদের সাথে হায়েয অবস্থায় সঙ্গম করবো না?” রাবী বলেন, “এতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চেহারা বিবর্ণ হয়ে যায়, এমনকি আমার মনে হলো যে, তিনি তাদের উপর রাগ করেছেন। অতঃপর তারা দুইজন বের হয়ে যান। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে দুধ হাদিয়া আসে, তখন তিনি সেই দুইজনকে ডেকে পাঠান। তখন আমাদের মনে হলো যে, তিনি তাদের উপর রাগ করেননি। তারপর তিনি তাদেরকে দুধ পান করান।”[1]

## ফুটনোট

[1] আত তায়ালিসী: ২০৫২; মুসনাদ আহমাদ: ৩/১৩১; সহীহ মুসলিম: ৩০২; আবূ দাঊদ: ২৫৮; তিরমিযী: ২৯৭৭; নাসাঈ: ১/১৫২; ইবনু মাজাহ: ৬৪৪; দারেমী: ১/২৪৫; আবূ আওয়ানা: ১/৩১১; সুনান বাইহাকী: ১/৩১৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩১৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন (সহীহ আবূ দাঊদ: ২৫১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90673

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন